

বঙ্গবন্ধু সোসাইটি অব অস্ট্রেলিয়ার উদ্যোগে জাতীয় শোক দিবস ২০১২ অনুষ্ঠিত

গত ২৩ সেপ্টেম্বর ২০১২ রবিবার বঙ্গবন্ধু সোসাইটি অব অস্ট্রেলিয়ার উদ্যোগে গুজারাটি কমিউনিটি হল গ্রেনভিলে জাতীয় শোক দিবস ২০১২ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বঙ্গবন্ধু সোসাইটি অব অস্ট্রেলিয়ার সভাপতি জনাব আব্দুল জলিল। অনুষ্ঠানটি পরিচালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক ডাঃ লাভলী রহমান।



প্রধান অতিথির আসন অলংকৃত করে বক্তব্য রাখেন জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপাচার্য বঙ্গবন্ধু পরিষদ কেন্দ্রীয় কমিটির সদস্য এবং ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ডঃ এম. আনোয়ার হোসেন। ডঃ হোসেন তাঁর বক্তব্যে বঙ্গবন্ধুর নেতৃত্বের গুণাবলী বাংলাদেশের স্বাধীনতায় তাঁর গৌরবোজ্জ্বল ভূমিকা এবং ১৯৭৫ সালে তাঁকে হত্যার নেপথ্যের অনেক তথ্য উপস্থাপন করেন। প্রধান অতিথি ডঃ হোসেন তাঁর বড় ভাই কর্নেল তাহেরের প্রতিও শ্রদ্ধা জ্ঞাপন করে বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অস্ট্রেলিয়ার ফেডারেল গভর্নমেন্টের মাননীয় মন্ত্রী এবং এসিস্ট্যান্ট ট্রেজারার Mr. David Bradbury. Hon'ble Bradbury তাঁর বক্তব্যে বিশ্ব পরিবেশ উন্নয়নে বাংলাদেশের বর্তমান সরকারের ভূয়সী প্রশংসা করেন। অনুষ্ঠানের বিশেষ অতিথি ফেডারেল এম পি এবং ফেডারেল মন্ত্রনালয়ের উপ-মহাদেশ সম্পর্কিত কমিটির চেয়ারপার্সন Hon'ble Michelle Rowland তাঁর বক্তব্যে বঙ্গবন্ধুর নেতৃত্বের সাথে বিশ্বের অন্যান্য মহান নেতাদের তুলনা করে বক্তব্য রাখেন। তিনি মন্ত্রনালয় সম্পর্কিত কমিটিতে ডাঃ লাভলা রহমানের সদস্যপদ গৃহিত হওয়ায় অভিনন্দন জানান। উল্লেখ্য যে Hon'ble Michelle গত বছর ১৫ সেপ্টেম্বর ২০১১ তারিখে বঙ্গবন্ধুর নেতৃত্বের মহান দিক উল্লেখ করে অস্ট্রেলিয়ার ফেডারেল পার্লামেন্টে ৬ মিনিট বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে স্বাগত ভাসন দেন বঙ্গবন্ধু সোসাইটি অব অস্ট্রেলিয়ার সাবেক সভাপতি ডাঃ নূর রহমান (খোকন)। অন্যান্যের মধ্যে আরও বক্তব্য রাখেন জনাব প্রফেসর ডঃ মোহাম্মদ আলী, মোঃ নজরুল ইসলাম, ডঃ বোরহান উদ্দিন, মোঃ জামাল উদ্দিন, খন্দকার মোসতাক মেরাজ, আরাফাত মজুমদার প্রিন্স এবং নতুন প্রজন্মের সপ্তম শ্রেণীর ছাত্রী এষা রহমান।

অনুষ্ঠানের শুরুতে বঙ্গবন্ধুসহ তাঁর পরিবারের নিহত সকলের প্রতি শ্রদ্ধা নিবেদন করতে ১ মিনিট নিরবতা পালন ও দোয়া করা হয়। দোয়া পরিচালনা করেন জনাব তোফায়েল হক সোহেল। আলোচনা পর্বের শেষে সঙ্গীত পরিবেশন করেন বিশিষ্ট রবীন্দ্র সঙ্গীত মিসেস চন্দনা গাংগলী এবং মৌ। অনুষ্ঠানের শেষ পর্যায়ে যুবলীগ অস্ট্রেলিয়া আয়োজিত শেখ মণী ফুটবল টুর্নামেন্টের বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।